উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

# শ্যামনগর উপজেলা পরিষদের ৭ম মাসিক সভার কার্যবিবরণী অক্টোবর'২০১৯

সভার সভাপতি ঃ জনাব এস.এম.আতাউল হক চেয়ারম্যান
উপজেলা পরিষদ,শ্যামনগর, সাতক্ষীরা।

তারিখ ও সময় ঃ ৩১.১০.২০১৯ খ্রিঃ, সকাল- ১০.৩০ মিনিট।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা-পরিশিষ্ট-''ক'' দ্রষ্টব্যঃ**

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য সূচী</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১.</td><td>গত সভার কার্যবিবরণী দৃঢ়করন</td><td>সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উহা অনুমোদনের জন্য সভায় মতামত আহবান করেন।</td><td>সকল আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক কার্য বিবরণী প্রস্তুত হওয়ায় গত সভার কার্যবিবরনী সর্বসম্মতভাবে দৃঢ়করন হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>২.</td><td>নতুন আইন, বিধি, পরিপত্র, নির্দেশিকা সংক্রান্ত</td><td colspan="2">উপজেলা নির্বাহী অফিসার জানান যে, অদ্য সভায় উত্থাপনের জন্য নতুন কোন আইন, বিধি, পরিপত্র, নির্দেশিকা পাওয়া যায়নি।</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>৩.</td><td>মাননীয় উপদেষ্টার উপদেশ পর্যালোচনা</td><td>উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সরকারী পরিপত্র এবং বিধি অনুসরন করে উপজেলা পরিষদের যাবতীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয় নির্দেশনা প্রদান করেছেন।</td><td>মাননীয় সংসদ সদস্য মহোদয়ের উপদেশ সকল দপ্তরকে যথাযথভাবে পালনের জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ করা হয়।</td><td>সংশ্লিষ্ট দপ্তর প্রধান।</td></tr>
<tr><td>৪.</td><td>আয়, ব্যয় (রাজস্ব-উন্নয়ন)</td><td colspan="2">১। সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদের ৫ম মাসিক সভার সিদ্ধান্তক্রমে উপজেলা পরিষদের চেয়ারম্যানের অফিস আধুনিকায়ন, উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবন সংস্কার (মালঞ্চ ভবন) এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে রাস্তা সিসি করনের জন্য মোট ২৯,৮৯,২১৯ (উনত্রিশ লক্ষ উন নব্বই হাজার দুইশত উনিশ) টাকার প্রাক্কলন প্রস্তুত পূর্বক বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমতি গ্রহনের জন্য পত্র প্রেরণ করা হয়। স্থানীয় সরকার বিভাগের গত ২৮ অক্টোবর ২০১৯ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.১৭৭.১৯-৯২৬ নং পত্রে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে নিম্নোক্ত প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১.</td><td>শ্যামনগর উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কর</td><td>২,২৬,২৫৫/-</td><td rowspan="2">রাজস্ব তহবিলের অর্থায়নে</td></tr>
<tr><td>২.</td><td>শ্যামনগর উপজেলা পরিষদের অভ্যন্তরে রাস্তা সিসিকরণ</td><td>১৮,৩২,০৪৯/-</td></tr>
</table>
<u>সিদ্ধান্ত</u> ঃ সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সকল বিধি/বিধান অনুসরন পূর্বক উপরোক্ত প্রকল্পগুলি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>
২। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, শ্যামনগর উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রস্তাবিত শ্যামনগর উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষ আধুনিকায়ন প্রকল্পটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার আলোকে যথাযথ না হওয়ায় স্থানীয় সরকার বিভাগ হতে প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়নি। স্থানীয় সরকার বিভাগ হতে এ বিষয়ে গত ২৮ অক্টোবর ২০১৯ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.১৭৭.১৯-৯২৭ নং পত্র পাওয়া গেছে। উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলে প্রাক্কলন যথাযথ প্রক্রিয়া অনুসরন পূর্বক নিম্নোক্ত ছকে সংশোধন করেছেন।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১.</td><td>শ্যামনগর উপজেলা পরিষদ চেয়ারম্যান এর অফিস কক্ষ সংস্কার/ মেরামত।</td><td>৯,১৬,৬৭৮/-</td><td>রাজস্ব তহবিলের অর্থায়নে</td></tr>
</table>
<u>সিদ্ধান্ত</u> : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে স্থানীয় সরকার বিভাগের পূর্বানুমতি গ্রহন করে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা যথাযথ অনুসরন পূর্বক বর্নিত প্রকল্পটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, উপজেলা পরিষদের মোটর পাম্প হঠাৎ নষ্ট হয়ে যাওয়ায় উপজেলা পরিষদের আবাসিক বাসভবন, সকল অফিস ভবনে পানি সরবরাহ বন্ধ রয়েছে। উপজেলা প্রকৌশলী কর্তৃক মোটর পাম্প পরিদর্শন শেষে বলেন যে, মোটর এবং পাম্প একেবারের বিকল হয়ে গেছে। জরুরী ভিত্তিতে মেরামত এবং নতুন যন্ত্রপাতি সংযোজন না করলে পানি সরবরাহ সম্ভব হবেনা। এবিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য তিনি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন।</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>
সিদ্ধান্ত : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে সর্ব্বোচ্চ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা২০১৪ এর ৫ (ট) অনুসরন পূর্বক উপজেলা পরিষদ পানির পাম্প মেরামতের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>
৪। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে জরুরী ভিত্তিতে নিম্নোক্ত সংস্কার/মেরামত কাজ সম্পন্ন করা হয়েছে।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিবরন</th><th>টাকার পরিমান</th></tr>
<tr><td>১.</td><td>উপজেলা পরিষদের ১নং গেজেটেড কোয়াটারে ফ্যান ক্রয়-২টি, বাথরুমের দরজা ক্রয় ১টি. বাল্ব ক্রয় ৪টি, বৈদ্যুতিক ওয়েরিং, প্লাস্তার ও বাথরুমের দেওয়াল রং করা।</td><td>১২০৬৭/-</td></tr>
<tr><td>২.</td><td>উপজেলা পরিষদের অভ্যন্তরে রোড লাইনে বাল্ব লাগানো ৮টি</td><td>২৮০০/-</td></tr>
<tr><td>৩.</td><td>উপজেলা চেয়ারম্যান অফিসে বাথরুমে ব্যাসিনের ট্যাব ক্রয়</td><td>৯০০/-</td></tr>
<tr><td>৪.</td><td>উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে কমোট ফ্লাসার মেরামত, ফ্যানের রেগুলেটর ক্রয়, অফিস কক্ষে বাল্ব লাগানো,টিউব লাইট ৩টি, কম্বাইন স্লুইজ, এলইডি টিউব লাইট, চেয়ারম্যান অফিসে এবং ভাইস চেয়ারম্যান অফিসে ব্যাকআপ টিউব বাল্ব ৪টি</td><td>২৪৫০/-</td></tr>
<tr><td>৫.</td><td>বিআরডিবি অফিসে পানির লাইনে পাইপ ভেঙে যাওয়ায় নতুন পাইপ ক্রয় এবং পাইপ লাগানো</td><td>৬০৬৫/-</td></tr>
</table>
</td>
<td></td>
</tr>
<tr>
<td>৬.</td>
<td>বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)</td>
<td>
১. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০১৯-২০ অর্থ বছরে উপজেলা পরিষদের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ১ম কিস্তির ২৮,০৬,০০০/- (আঠাশ লক্ষ ছয় হাজার) টাকার বরাদ্দ পাওয়া গেছে। চলতি অর্থ বছরে ৪কিস্তিতে মোট সম্ভাব্য বরাদ্দের পরিমান ১,১২,২৪,০০০/- (এক কোটি বার লক্ষ চব্বিশ হাজার) টাকা হতে পারে। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা'২০১৪ মোতাবেক প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট সবাইকে অবহিত করেন। প্রকল্প দাখিলে পর যাচাই বাছাই কমিটি হতে বাছাইকৃত প্রকল্প তালিকা উপজেলা পরিষদ মাসিক সভায় চুড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।<br>
সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনা শেষে দ্রুত প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর সভায় বলেন যে, এডিপির অর্থায়নে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউনিয়নে জনগুরুত্বপূর্ন প্রকল্পসমূহ দাখিল করতে হবে। সংযোগ রাস্তার সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করেন। এছাড়া দ্রুত প্রকল্প তালিকা জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষন করেন।
</td>
<td>উপজেলা পরিষদ</td>
</tr>
<tr>
<td>৭.</td>
<td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প</td>
<td>
১। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে (ইউজিডিপি) আওতায় ৩য় পর্যায়ে (২০১৮-১৯) সক্ষমতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনের জন্য গত সভায় উত্থাপিত উপ-প্রকল্পের নিম্ন বর্নিত সংশোধনী করার জন্য মতামত প্রদান করেন। উপ-প্রকল্পগুলির অনুমোদনের জন্য সকলের দৃষ্টি আকর্ষন করেন।
<table>
<tr><th>ক্রম</th><th>প্রকল্পের নাম</th><th>প্রস্তাবিত কমিটি</th></tr>
<tr><td>১.</td><td>শ্যামনগর উপজেলার বিভিন্ন সমবায় সমিতির সমবায়ীদের মাঝে দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ</td><td>পল্লী উন্নয়ন ও সমবায়</td></tr>
<tr><td>২.</td><td>নিরাপদ সন্তান প্রসবে গ্রাম্য ধাত্রীদের দক্ষতামূলক প্রশিক্ষণ</td><td>স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা</td></tr>
<tr><td>৩.</td><td>বসতবাড়ির আঙিনায় কীটনাশকমুক্ত সবজি চাষের উপর প্রশিক্ষণ</td><td>কৃষি ও সেচ</td></tr>
<tr><td>৪.</td><td>বাল্যবিবাহ, ইভটিজিং, যৌতুক প্রথা ইত্যাদি সামাজিক ব্যধি সম্পর্কে সচেতনতা সৃষ্টিতে কর্মশালা ও সেমিনার।</td><td>সমাজ কল্যান</td></tr>
<tr><td>৫.</td><td>উপজেলা পরিষদের বিভিন্ন কর্মকর্তাদের ই-ফাইলিং, ওয়েব পোর্টাল ও আইসিটি বিষয়ক দক্ষতামূলক প্রশিক্ষণ</td><td>মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা</td></tr>
<tr><td>৬.</td><td>ভোক্তা অধিকার আইন, তথ্য অধিকার আইন, সোশাল নেটওয়ার্কের সুষ্ঠ ব্যবহার নিয়ে কর্মশালা এবং সেমিনার</td><td>আইন ও শৃংখলা</td></tr>
</table>
সিদ্ধান্ত : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে (ইউজিডিপি) আওতায় ৩য় পর্যায়ে (২০১৮-১৯) সক্ষমতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনের জন্য উপরোক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।
</td>
<td>সংশ্লিষ্ট কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>৮.</td>
<td>ইনোভেশন</td>
<td>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় বলেন যে, উপজেলা পরিষদের সকল দপ্তরে কর্মকর্তাদের উপজেলা পরিষদের অর্থায়নে আধুনিক অর্নারবোর্ড নির্মান করে দেওয়া যায় কিনা। উপজেলা পরিষদের সকল অফিসে কর্মকর্তাদের জন্য আধুনিক অর্নারবোর্ড প্রদানের জন্য সভায় মতামত প্রদান করেন।<br><br>সকল দপ্তরে উপজেলা পরিষদের অর্থায়নে কর্মকর্তাদের জন্য অর্নারবোর্ড প্রদানের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং এবিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী</td>
</tr>
<tr>
<td>৯.</td>
<td>একটি বাড়ী একটি খামার</td>
<td>সমন্বয়কারী, একটি বাড়ী একটি খামার বলেন যে, শ্যামনগর উপজেলায় একটি বাড়ী একটি খামারে মোট সমিতির সংখ্যা ২০০টি, সদস্য ৯৮৬১ জন। মোট সঞ্চয় ৩২,৬৫৮,৬৩৩/- টাকা, মোট ঋন প্রদান ৯৯,২৪৬,০০০/- টাকা, আদায় ৩৮,১২৬,৭৮০/- টাকা। সমিতির কার্যক্রম সুষ্ঠভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।<br><br>ঋন আদায়ে তৎপর হতে হবে।</td>
<td>সংশ্লিষ্ট কর্মকর্তা</td>
</tr>
</table>

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১০. | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, নিয়মিত উপজেলার বিভিন্ন মোকামে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হচ্ছে। সংশ্লিষ্ট বাজার কমিটির সভাপতি, সেক্রেটারীকে নিয়মিত বাজার পরিদর্শনের জন্য অনুরোধ করা হয়। | ভ্রাম্যমান আদালত নিয়মিত পরিচালনা এবং বাজার কমিটির সভাপতি এবং সেক্রেটারীকে নিয়মিত বাজার পরিদর্শন এবং বাজার তদারকী করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ১১. | উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের আলোচনা | **উপজেলা প্রকৌশলীর দপ্তর ঃ** উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠভাবে চলছে। | ১. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

**উপজেলা মৎস্য অফিস ঃ** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় অক্টোবর’১৯ মাসের অগ্রগতি প্রতিবেদন ছক উপস্থাপন করেন-

| উপজেলার নাম | বিবরণ | প্রদর্শনী খামার স্থাপন (হে.) | মৎস্য আবাসস্থল উন্নয়ন (হে.) | বিল নার্সারি স্থাপন (হে.) | উন্মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ (মে.টন) | মৎস্য চাষি/মৎস্যজীবি ও উদ্যোক্তাকে পরামর্শ প্রদান ও মৎস্য খামার পরিদর্শন (টি) | মৎস্য হ্যাচারী নিবন্ধন ও নবায়ন | মৎস্য খাদ্যমান পরীক্ষা | মাছের অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ (টি) | মৎস্য সম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন (টি) | জলবায়ু সহনশীল মৎস্য চাষ প্রযুক্তি সম্প্রসারণ (টি) | এসপিএফ চিংড়ি পোনা উৎপাদন/সরবরাহ (কোটি) | বছরব্যাপি বিশেষ মৎস্য সেবা প্রদান (মাসে ১টি) | মৎস্য আবাসস্থল উন্নয়ন ও ব্যবস্থাপনায় জড়িত সুফলভোগীদের প্রশিক্ষণ | মৎস্যচাষী , মৎস্য জীবিদের প্রশিক্ষণ (জন) | রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণে পরিদর্শন ও পরামর্শ প্রদান |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| শ্যামনগর | লক্ষ্যমাত্রা | ১.০০ | ০.৫০ | ০.০০ | ০.৪০ | ৪৫০ | ৬ | ৫ | ০ | ৩৫ | ০ | ০ | ৫.০০ | ১৬০ | ১৫০ | ২০ |
| | অর্জন | | - | - | - | ৩৫ | - | ১ | - | ২ | - | - | - | | | ৩ |
| | ক্রমপুঞ্জিত | | - | - | ০.৪ | ১৪৭ | | ১ | | ১১ | | | - | | | ৯ |

**বি.দ্র.- অর্জন বলতে প্রতিবেদনাধীন মাসের অর্জন এবং ক্রমপুঞ্জিত অর্জন বলতে অর্থ বছরের শুরু হতে প্রতিবেদনাধীন মাস পর্যন্ত মোট অর্জন বুঝাবে।**

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১২. | উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের আলোচনা | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, হাসপাতালের ড্রেনেজ ব্যবস্থা খুবই খারাপ। বর্ষা মৌসুমে পানি জমে হাসপাতাল চত্তর দূগন্ধ হয়ে যায়। | উপজেলা প্রকৌশলীকে সরেজমিনে পরিদর্শন পূর্বক আগামী মাসিক সভায় এবিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস :** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাণীসম্পদ অফিস ঃ** উপজেলা প্রাণীসম্পদ অফিসার বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার বলেন যে, সমাজসেবা অফিস সংলগ্ন প্রবেশদ্বারে রাস্তার পাশে পানি জমে নোংরা পরিবেশ সৃষ্টি হচ্ছে এবং পাশ্ববর্তী খোলা জায়গায় মাটি/বালু ভরাট করে একটি মোটর সাইকেল গ্যারেজ নির্মানের প্রস্তাব করেন। | উপজেলা প্রকৌশলীকে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করতে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| | | **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় তার দপ্তরের কার্যক্রম উপস্থাপন করেন- | | সংশ্লিষ্ট কর্মকর্তা |

| কর্মসূচী | অর্থবছরের লক্ষ্যমাত্রা | বিগত মাসের অর্জন | চলমান মাসের কাজ | অর্থবছরের ক্রমঃ | ক্রমপুঞ্জিত |
|---|---|---|---|---|---|
| প্রশিক্ষণ | ৫১৫ | ০ | ৭০ | ৭০ | ৮০৬৫ |
| আত্মকর্মসংস্থান | ৭২ | ১৬ | ৮ | ২৪ | ৪২৩৬ |

**ঋণবিতরনঃ**

| অর্থবছরের লক্ষ্যমাত্রা | বিগত মাসের অর্জন | চলমান মাসের কাজ | অর্থবছরের ক্রমঃ | ক্রমঃবিতরন | ক্রমঃ উপকারভোগী |
|---|---|---|---|---|---|
| ২৩৮০০০০ | ১০২০০০০ | ০ | ১০২০০০০ | ৩০১৮৫৫০০ | ১২৬৪ জন |

**ঋণ আদায়ঃ**

| বিগত মাসের আদায়যোগ্য | | | আদায় | চলমান মাসের আদায়যোগ্য ও অগ্রগতি | কিস্তি খেলাপী | ঋণ খেলাপী |
|---|---|---|---|---|---|---|
| চলমান | কিঃ খেলাপী | ঋণ খেলাপী | | | | |
| ২০৯৮০০ | ১৮৫৪০০ | ১২০৫৮৯৮ | ১৮০৯০০ | ৮৬% | ১১৯০০ | ৩৬৪০০ |

**যুব সংগঠন**

| নিবন্ধনপ্রাপ্ত | সক্রিয় | নিষ্ক্রিয় |
|---|---|---|
| ১৭ টি | ১৭ টি | ০ |

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আরও অবহিত করেন যে,জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী পালনের উপলক্ষ্যে বিশেষ কর্মসূচী হিসেবে প্রতিটি উপজেলায় ৩ একর খাস জমির উপর "যুব ডেইরী ফার্ম "স্থাপনের সম্ভাব্যতা যাচাই পূর্বক প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহনের জন্য উপ-পরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর ,সাতক্ষীরা মহোদয় কার্যপত্র প্রেরণ করেছেন। এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য অত্র সভায় আলোচনা করা হয়।

| | | | |
|---|---|---|---|
| **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ঃ** দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপস্থিত কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | |
| **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে।। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| **উপজেলা সামাজিক বনবিভাগ অফিস ঃ** উপজেলা সামাজিক বন বিভাগ কর্মকর্তা বলেন যে, উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান, রাস্তা এবং অন্যান্য স্থানে বৃক্ষরোপন করা হয়েছে। কিন্তু সঠিক পরিচর্যা এবং রক্ষনাবেক্ষনের অভাবে অনেক গাছ মারা যাচ্ছে। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে রোপিত চারার পরিচর্যা এবং তদারকি করার জন্য অনুরোধ করেন। | রোপিত চারার পরিচর্যা এবং রক্ষনাবেক্ষনের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| **পানি উন্নয়ন বোর্ড :** সভায় পানি উন্নয়ন বোর্ডের উপস্থিত কর্মকর্তা বলেন যে, শ্যামনগর উপজেলার যে সকল ইউনিয়নে পানি উন্নয়ন বোর্ডের ঝুকিপূর্ন্ন রাস্তা আছে, সেগুলি চিহ্নিত পূর্বক জরুরী ভিত্তিতে মেরামতের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। এছাড়া অধিক অধিক ঝুকিপূর্ন স্থানে খুব তাড়াতাড়ি কাজ শুরু হবে মর্মে তিনি সভাকে জানান। | যে সকল স্থানে ভয়াবহ ফাটল দেখা দিয়েছে, সেগুলি চিহ্নিত করে দ্রুত ভিত্তিতে মেরামত করতে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| **উপজেলা নির্বাচন অফিস ঃ** উপজেলা নির্বাচন অফিসার বলেন যে, দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

**উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় তার দপ্তরের উন্নয়নমূলক কর্মকান্ড উপস্থাপন করেন- (দায়িত্ব: উপজেলা পল্লী উন্নয়ন অফিসার)

| সমিতি/ দল সংখ্যা | সদস্য | | ঋণ বিতরণ (আইজিএ ভিত্তিক) (লক্ষ টাকা) | | আদায়ের হার | মেয়াদোর্ত্তণ খেলাপী (লক্ষ টাকা) | প্রশিক্ষণ | | অবকাঠামো স্কীম | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | লক্ষ্যমাত্রা | অর্জন | | | পুরষ | মহিলা | লক্ষ্যমাত্রা | অর্জন |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ২৩৬ | ৫৩৮৬ | ২১৪৬ | ১৩৫৩.৪০ | ১২৭৪.৩৯ | ৯৯% | ৩.৭৫ | ১৩৩০ | ৬৩৮ | ৯ | ৫ |

**উপজেলা সমবায় অফিস ঃ** উপজেলা সমবায় অফিসার সভায় তার দপ্তরের উন্নয়নমূলক কর্মকান্ড উপস্থাপন করেন-

| **সমিতি** | **প্রশিক্ষণ প্রদান** | | **২০১৭-১৮ নিরীক্ষা যোগ্য সমিতি** | | **নিরীক্ষা সম্পাদন** | | **সরকারী রাজস্ব অডিট ফি ও সিডিএফ ধার্য** | **সমিতির নিজস্ব তহবিল বিনিয়োগ (লক্ষ)** | **আদায় ও ট্রেজারী** | **সদস্যদের লভ্যংশ প্রদান (লক্ষ)** |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | **পুঃ** | **মঃ** | কেন্দ্র | প্রাথঃ | কেন্দ্র | প্রাথঃ | | | | |
| ২৩১ | ১২৫ | ১৩৫ | ১ | ২১৩ | ০১ | ২১৩ | ২৭৩৮৮০<br>১৮৫৪০০ | ৪৫৪৯.৭০ | ১০০%<br>১০০% | শেঃ ২২.২৮ সঞ্চয় ৯২.৮১ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩. | World Vision Bangladesh কর্তৃক নবযাত্রা কর্মসূচী | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, USAID এর সহায়তায় World Vision Bangladesh কর্তৃক বাস্তবায়িত নবযাত্রা কর্মসূচী প্রকল্পের কাজে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান স্ব-স্ব ইউনিয়নের সভাপতি। এ প্রকল্পের সকল কাজে তিনি তদারকী করবেন। | সকল কাজে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |

## বিবিধ আলোচনা

০১। চেয়ারম্যান, বুড়িগোয়ালিনী ইউপি সভায় বলেন যে, উপজেলা পরিষদের সার্বিক কাজে উপজেলা পরিষদের সদস্য হিসেবে ইউপি চেয়ারম্যানদের অবহিত করলে সংশ্লিষ্ট কাজে সক্রিয় অংশগ্রহন করার সুযোগ থাকে। এডিপির অর্থায়নে প্রকল্পে গ্রহনে উপকূলীয় ইউনিয়নে অগ্রাধিকার প্রদানের জন্য সভায় বক্তব্য প্রদান করেন। তিনি আরও বলেন যে, তার ইউনিয়নে মাদিয়া এবং দূর্গাবাটিতে পানি উন্নয়ন বোর্ডের বাঁধ ভয়াবহ ভাঙন দেখা দিয়েছে। পানি উন্নয়ন বোর্ডকে বারবার বলার পরেও স্থায়ী কোন ব্যবস্থা গ্রহন করছেনা। যে কোন বাঁধ ভেঙে জান মালের ব্যাপক ক্ষয়ক্ষতি হতে পারে। দ্রুত স্থায়ী পদক্ষেপ গ্রহনের জন্য সভায় মতামত প্রদান করেন।

**সিদ্ধান্ত ঃ** সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের সার্বিক কাজে ইউপি চেয়ারম্যানদের অবহিত করার জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। পানি উন্নয়ন বোর্ডকে অনুরোধ করা হয় ক্ষতিগ্রস্থ এলাকা দ্রুত মেরামতের জন্য।

০২। চেয়ারম্যান, গাবুরা ইউপি সভায় বলেন যে, গাবুরা ইউনিয়নের বেশ কিছু স্থানে হঠাৎ পানি উন্নয়ন বোর্ডের বাঁধের ভাঙন দেখা দিলে জরুরী ভিত্তিতে দূর্যোগ মোকাবেলায় বাঁধ মেরামত করা হয়েছে। জরুরী প্রয়োজনে দূর্যোগ মোকাবেলায় এসকল ব্যক্তিদের মজুরী প্রদানের জন্য সভায় মতামত প্রদান করেন।

**সিদ্ধান্ত** ঃ সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০১৪ এর ৫ (ঘ) অনুযায়ী জরুরী পরিস্থিতি মোকাবেলায় শ্রমিকদের মজুরী প্রদানের জন্য সর্ব্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

০৩। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, সারাদেশে ডেঙ্গুর প্রকোপ মারাত্মক আকার ধারন করেছে। সরকার ডেঙ্গু মোকাবেলায় নানা রকম পদক্ষেপ গ্রহন করছে। ডেঙ্গু প্রতিরোধে বাড়ি বাড়ি যেয়ে সচেতনতা তৈরী করতে উপস্থিত ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষন করেন। এছাড়া যেসকল স্থানে এডিস মশার বংশ বিস্তার হতে পারে, সেকল স্থান পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য সভায় মতামত প্রদান করেন।

**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ডেঙ্গু প্রতিরোধে বাড়ির আশপাশের ঝোপঝাড় পরিষ্কার পরিচ্ছন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, শ্যামনগর সদর ইউনিয়নে গোডাউন মোড় হতে শ্যামনগর সরকারী মহসীন কলেজ সংলগ্ন যমুনার দুপাশে অবৈধ স্থাপনা উচ্ছেদ করে সাধারন জনগনের চলাচলের উপযোগী করতে উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষন করেন। তিনি আরও বলেন যে, যমুনার দুপাশে অবৈধ স্থাপনা উচ্ছেদ করে ওয়াক ওয়ে করা যেতে পারে। বর্নিত স্থানে প্রাকৃতিক সৌন্দয্য সৃষ্টিতে একটি কর্মপরিকল্পনা প্রণয়নের প্রস্তাব করেন। বিষয়টি নিয়ে আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহনের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন।

**সিদ্ধান্ত** : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে শ্যামনগর সদর ইউনিয়নে গোডাউন মোড় হতে শ্যামনগর সরকারী মহসীন কলেজ সংলগ্ন যমুনার দুপাশে অবৈধ স্থাপনা উচ্ছেদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি), শ্যামনগরকে অনুরোধ করা হয় এবং বর্নিত স্থানে সৌন্দর্য্য বৃদ্ধিতে একটি কর্মপরিল্পনা প্রণয়ন করতে উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, শ্যামনগর উপজেলার অনেক জায়গায় কিছু মানুষ সরকারী নদী ও খালে অবৈধভাবে পাটা/বাঁধ দিয়ে নদী ও খালের পানির স্বাভাবিক প্রবাহে বিঘ্ন সৃষ্টি সহ মাছের জাটকা/রেণু নিধন করছে। যা আইনের দৃষ্টিতে অপরাধযোগ্য। ইতোমধ্যে, সাতক্ষীরা জেলা প্রশাসক মহোদয় তার জেলার সকল একসনা বন্দোবস্ত বাতিল করেছেন। অবৈধ দখল উচ্ছেদ করার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট দপ্তরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করেন ও এ বিষয়ে উপস্থিত সবার মতামত আহবান করেন।

**সিদ্ধান্ত** ঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সকল সরকারী নদী ও খালে অবৈধভাবে স্থাপিত পাটা/বাঁধ আগামী এক মাসের মধ্যে সকল জনপ্রতিনিধি সহ স্ব স্ব এলাকার ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের সহযোগীতায় অপসারণের সর্ব্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। প্রয়োজনে স্ব-স্ব ইউ,পি এর গ্রামপুলিশ দ্বারা অপসারণেরও সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সরকারী উন্নয়নমূলক কাজ পরিদর্শন, সরকারী বেসরকারী বিভিন্ন সভা সমাবেশে অংশগ্রহন এবং মতবিনিময় সভায় অংশগ্রহন করে থাকেন এবং এজন্য সরকারী নিয়ম মোতাবেক দৈনিকভাতা প্রাপ্ত হয়ে থাকেন। উপজেলা চেয়ারম্যান ২০১৯খ্রিঃ'র সেপ্টেম্বর মাস ১৪ দিন এবং উপজেলা ভাইস চেয়ারম্যান ১১দিন এবং মহিলা ভাইস ১১ দিনের ভ্রমন বৃত্তান্ত এবং ২০১৯খ্রিঃ'র অক্টোবর মাসের সম্ভাব্য ভ্রমনসূচী দাখিল করেছেন যা উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন প্রয়োজন। তিনি এ বিষয়ে উপস্থিত সবার মতামত আহবান করেন।

**সিদ্ধান্ত** ঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ২০১৯খ্রিঃ'র অক্টোবর মাসের উপজেলা পরিষদের চেয়ারম্যান, উপজেলা ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ভ্রমন বৃত্তান্ত অনুমোদন গৃহিত হলো। উপজেলা চেয়ারম্যান ১৪ দিনের ৬২৫/- টাকা হারে ৮৭৫০/- টাকা , ভাইস চেয়ারম্যানদ্বয়ের ২২ দিনের ৫০০ টাকা হারে ১১০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মিটানোর জন্য সর্ব্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর সভাপতি উপস্থিত সকলকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করার আহ্বান জানিয়ে সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এস.এম.আতাউল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪২০০
upazilaporishad.shyam@gmail.com

স্মারক নং- ০৫.১৫.৮৭৮৬.০০৬.০২.০০৯.১৬- **৮৯** (৫০) তারিখ ঃ ১৪.১১.২০১৯ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। জনাব এস.এম জগলুল হায়দার, মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-০৪।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, খুলনা।

০৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

০৭। উপজেলা ......................................................অফিসার,শ্যামনগর।

০৮। চেয়ারম্যান,.............................................ইউ,পি(সকল),শ্যামনগর।

০৯। জনাব ...............................................................................

১০। অফিস কপি।

(মোঃ কামরুজজামান)
উপজেলা নির্বাহী অফিসার
শ্যামনগর, সাতক্ষীরা
ফোন -০৪৭২৬-৪৪০০৪
unoshyamnagar14@gmail.com